কুষ্টিয়ায় ইটভাটা মালিকদের ৬ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে চারটি ইটভাটা মালিককে ছয় লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। এসময় একটি ইটভাটায় বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়।

আজ সোমবার (২ ডিসেম্বর) দুপুরে জেলার মিরপুর উপজেলার তালবাড়ীয়া ইউনিয়নের চারুলিয়া ও বারুইপাড়া ইউনিয়নের আমকাঠালিয়া ও বলিদাপাড়া এলাকায় এ অভিযান চালানো হয়।

অভিযানে পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকায় মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের আমকাঠালিয়া এলাকার এমজেবি ব্রিকসের মালিক মাহবুব আলমকে দেড় লাখ টাকা, একেবি ব্রিকসের মালিক এনামুল হক কে দেড় লাখ টাকা, বলিদাপাড়া এলাকার এবি ব্রিকসের মালিক শাহীন আলীকে দেড় লাখ টাকা এবং এমআরবি ব্রিকসের মালিক শরিফুল ইসলাম মুকুলকে দেড় লাখ টাকা করে মোট ছয় লাখ টাকা জরিমানা করা হয়। এছাড়াও তালবাড়ীয়া ইউনিয়নের চারুলিয়া এলাকার, এএরএম ব্রিকসের ড্রাম চিমনি বুলডোজার দিয়ে গুড়িয়ে দেওয়া হয়।

জেলা পরিবেশ অধিদপ্তরের সিনিয়র কেমিস্ট ও (ভারপ্রাপ্ত) উপ-পরিচালক হাবিবুল বাসার জানান, ‘ভাটা স্থাপন নিয়ন্ত্রণ আইন ২০১৩ (সংশোধনী ২০১৮) অনুযায়ী ৪ ভাটা মালিককে ৬ লাখ টাকা জরিমানা করে সতর্ক করা হয়। এছাড়াও ১টি বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়েছে।’

তিনি আরও জানান, জেলায় ১৭০টি ইটভাটা রয়েছে। যার মধ্যে ১৫ ইটভাটার পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র রয়েছে। অবৈধ এসব ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের অভিযান চলমান রাখা হবে।

কুমারখালীতে ৮ ইটভাটার মালিককে ২০লক্ষ টাকা জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে ৮টি ভাটা মালিককে ২০ লক্ষ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার সকাল থেকে বিকেল ৪ টা পর্যন্ত চর সাদিপুর ইউনিয়নের বিভিন্ন অবৈধ ইটভাটায় অভিযান চালান উপজেলা প্রশাসন ও জেলা পরিবেশ অধিদপ্তর।

অভিযানে ভাটার বৈধ কাগজপত্রাদি না থাকায়, ফসলি জমি ব্যবহার, কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোসহ নানাবিদ অপরাধে ৮টি ভাটা মালিককে ২০ লক্ষ টাকা জরিমানা করা হয়।

আদালত পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. আমিরুল আরাফাত। এসময় কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উপ – পরিচালক মো. আতাউর রহমানসহ জেলা পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী বৃন্দ, র্যাব, পুলিশসহ প্রমূখ উপস্থিত ছিলেন।

অর্থদণ্ড প্রাপ্ত ভাটাগুলো হলো-এআরবি ব্রিকস, এমএমএ ব্রিকস, এবিসি ব্রিকস, এমএসবি ব্রিকস, কেআরবি ব্রিকস, আরজেডবি ব্রিকস, এসএএন ব্রিকস, এইচ আর বি ব্রিকস।

এ ব্যাপারে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি), মো. আমিরুল আরাফাত বলেন, বৈধ কাগজপত্রাদি না থাকায়, কৃষি জমি ব্যবহার, কয়লার বদলে কাঠ পোড়ানো সহ নানাবিদ অপরাধের দায়ে আট ভাটা মালিককে ২০ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। সময় স্বল্পতার কারণে সব গুলো ভাটায় অভিযান চালানো যায়নি। পর্যায়ক্রমে সব অবৈধ ভাটায় অভিযান চালানো হবে বলে জানান তিনি।

কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উপ – পরিচালক মো. আতাউর রহমান বলেন, অবৈধ ভাটা উচ্ছেদে নিয়মিত অভিযান চালাচ্ছেন তাঁরা। যোগাযোগ ব্যবস্থা না থাকার কারনে চরসাদিপুরে এক্সক্যাভেটর দিয়ে ভাটা গুড়িয়ে দেওয়া সম্ভব হয়না।

[redacted]

[redacted]